

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০২২

১০/ কাফন-দাফন (ﷺ کتاب الجنائز عن رسول الله کتاب الجنائز عن رسول الله کتاب الجنائز عن رسول الله کتاب الله

# باب مَا جَاءَ فِي التَّكْبِيرِ عَلَى الْجَنَازَةِ

#### আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى عَلَى النَّجَاشِيِّ فَكَبَّرَ أَرْبَعًا . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَابْنِ أَبِي أَوْفَى وَجَابِرٍ وَيَزِيدُ بْنِ تَابِتٍ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى وَيَزِيدُ بْنُ تَابِتِ هُوَ أَخُو زَيْدِ بْنِ تَابِتٍ وَهُو أَكْبَرُ مِنْهُ شَهِدَ بَدْرًا وَزَيْدٌ لَمْ يَشْهَدْ بَدْرًا . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا يَشْهَدْ بَدْرًا . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحُوبَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ يَرَوْنَ التَّكْبِيرَ عَلَى الْجَنَازَةِ أَرْبُعَ تَكْبِيرَاتٍ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَمَالِكِ بْنِ أَنسٍ وَابْنِ الْمُبَارَكِ عَلَى الْجَنَازَةِ أَرْبُعَ تَكْبِيرَاتٍ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَمَالِكِ بْنِ أَنسٍ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقً .

#### বাংলা

১০২২. আহমাদ ইবনু মানী (রহঃ) ...... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নাজাশী-এর জন্য জানাযার সালাত (নামায/নামাজ) আদায় করেন এবং এতে তিনি চারবার তাকবীর পাঠ করেন।
- ইবনু মাজাহ ১৫৩৪, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০২২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস ইবনু আবী আতফা, জাবির, আনাস ও ইয়াযীদ ইবনু ছাবিত (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইয়াযীদ ইবনু ছাবিত (রাঃ) হলেন যায়দ ইবনু ছাবিত (রাঃ)-এর ভাই। তিনি ছিলেন, বড়। তিনি বদর যুদ্ধে শরীক ছিলেন। কিন্তু যায়দ বদরে শরীক ছিলেন না। ইমাম আবূ ঈসা (রহঃ) আরও বলেন, আবৃ হুরায়রা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান-সহীহ।

অধিকাংশ সাহাবী ও অপরাপর আলিমের এই হাদিসের উপর আমল রয়েছে। তারা সালাতুল জানাযায় চার তাকবীর পাঠ করার মত গ্রহন করেছেন। এ হল সুফিয়ান সাওরী, মালিক ইবন আনাস, ইবন মুবারাক, শাফঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত।



### **English**

Abu Hurairah narrated:

"The Prophet prayed and in the funeral prayer he for An-Najashi, said four Takbir."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

